

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে
জাকসু নির্বাচনের
তফসিল ঘোষণা
২ জানুয়ারি ভোট

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের
কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনের
(জাকসু) তফসিল ঘোষণা করা
হয়েছে। পূর্তিকাল যুগব্যব বেলা সাড়ে
১১টায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক
কেন্দ্রে সংবাদ সম্মেলন করে জাকসুর
প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক এ
কে এম সাহানাওয়ার এই ঘোষণা
দেন।

সংবাদ সম্মেলনে বলা হয়,
আগামী ২ জানুয়ারি ভোট নেওয়া
হবে। এ জন্য মনোনয়নপত্র বিতরণ
করা হবে ১৯ থেকে ২৫ নভেম্বর।
জমা নেওয়া হবে ২৬ নভেম্বর।
মনোনয়নপত্র বাতাই করা হবে ১
ডিসেম্বর। বাতাই শেষে প্রতিদ্বন্দ্বী
প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ
করা হবে ৫ ডিসেম্বর। মনোনয়নপত্র
প্রত্যাহারের শেষ দিন ৮ ডিসেম্বর।
প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা
হবে ১৫ ডিসেম্বর।

মোট ১৬টি পদে নির্বাচন হবে।
এর মধ্যে সহসভাপতি, সাধারণ
সম্পাদক, সহসাধারণ সম্পাদক,
কমনরুম সম্পাদক, মহিলা কমনরুম
সম্পাদিকা, সমাজসেবা সম্পাদক,
সাহিত্য সম্পাদক, সামাজিক
চিত্তবিনোদন সম্পাদক, নাট্য
সম্পাদক, ক্রীড়া সম্পাদক ও সহ-
ক্রীড়া সম্পাদকের একটি করে পদ
রয়েছে। কার্যকরী পরিষদের
সদস্যপদ রয়েছে পাঁচটি। কেউ
একাধিক পদে প্রার্থী হতে পারবেন না
বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত
ছিলেন নির্বাচন কমিশনের সদস্য
অধ্যাপক মোহেল আহমেদ ও
কমিশনের সদস্যসচিব অধ্যাপক
মোহা মুজিবুর রহমান।

নির্বাচনের দাবি: তফসিল
ঘোষণার আগে জাকসু নির্বাচনের
দাবিতে গতকাল সকাল ১০টায় দুই
পড়াধিক শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের
সহীদ মিনারের পাদদেশে মৌন মিছিল
বের করেন। মিছিলটি প্রশাসনিক
ভবনের সামনে গিয়ে শেষ হয়।
সেখানে মানববন্ধন করেন
শিক্ষার্থীরা।